

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৩৩

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (کتاب الاستئذان) পরিচ্ছেদঃ ৬০. যে সকল নাম রাখা মুস্তাহাব (পছন্দনীয়)

باب مَا يُسْتَحَبُّ مِنْ الْأَسْمَاءِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ أَخْبَرَنَا عَبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَحَبُّ الْأَسْمَاءِ إِلَى اللَّهِ عَبْدُ اللَّهِ وَعَبْدُ الرَّحْمَنِ

বাংলা

২৭৩৩. ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ "আল্লাহর কাছে সব চাইতে প্রিয় নাম হলো 'আবদুল্লাহ' এবং 'আবদুর রহমান'।"[1]

ফুটনোট

[1] তাহকীক: ((এর সনদ হাসান- যা মুহাক্কিক টীকার শেষে উল্লেখ করেছেন- অনুবাদক))

তাখরীজ: আহমাদ ২/২৪, ১২৮; ইবনু আবী শাইবা ৮/৬৬৭ নং ৫৯৬২; ইবনু মাজাহ, আদাব ৩৭২৮; তিরমিযী, আদাব ২৮৩৬; ইবনু আদী, আল কামিল ৪/১৪৬০ এ সনদটি হাসান।

মুসলিম, আদাব ২১৩২; বাগাবী, শারহুস সুনাহ নং ৩৩৬৭; আবৃ দাউদ, আদাব ৪৯৪৯; তাবারাণী, কাবীর ১২/৩৭০ নং ১৩৩৭৪; বাইহাকী, যাহাইয়া ৯/৩০৬;

খতীব, তারীখ বাগদাদ ১০/৩২৩।

তিরমিয়ী ২৮৩৫; হাকিম ৪/২৭৪; খতীব, আলমুত্তাফাকু ওয়াল মুফতারিকু ৩/১৪৮৯ নং ৯০৭। ((এরপর মুহাকিক এ সনদটিকে জাইয়্যেদ বলেছেন, অত:পর এর রাবী আলী ইবনু সালিহ আল মাক্কী সম্পর্কে মুহাদ্দিসগণের ইখতিলাফ উল্লেখ করেন। ...))

এর শাহিদ হাদীস রয়েছে আনাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে আমরা যার পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং



২৭৭৮ তে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন